

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮৬৩

আগরতলা, ১৫ সেপ্টেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

“বাড়ির ভেতরে ঢুকে পড়লো অ্যাম্বুলেন্স” এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় গত ১১ সেপ্টেম্বর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, সাক্রম মহকুমা হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, সাক্রম মহকুমা হাসপাতালের অ্যাম্বুলেন্স গত ১০ সেপ্টেম্বর ২০২৫ প্রায় রাত ১টা ৩০মিনিট নাগাদ মনুবাজার এলাকায় দুর্ঘটনাগ্রস্ত হয়। দুর্ঘটনাটি ঘটে যখন রোগীকে শান্তিরবাজার জেলা হাসপাতালে পৌঁছে দেওয়ার পর অ্যাম্বুলেন্সটি সাক্রম মহকুমা হাসপাতালের উদ্দেশ্যে ফেরত আসছিল। এই বিষয়ে সাক্রম মহকুমা হাসপাতালের পক্ষ থেকে মনুবাজার থানায় একটি জিডি এন্ট্রি করা হয়েছে।

এছাড়াও, বর্তমানে সাক্রম মহকুমা হাসপাতালে একটি অ্যাম্বুলেন্স সচল রয়েছে এবং অপরটি চলাচলের অনুপযোগী অবস্থায় আছে। উল্লিখিত অ্যাম্বুলেন্সটি মেরামত করার উদ্যোগ নেওয়া হয়েছে এবং সেটি মেরামত না হওয়া পর্যন্ত অতিরিক্ত একটি অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করার জন্য মহকুমা হাসপাতালের পক্ষ থেকে যথাযথ উদ্যোগ নেওয়া হয়েছে।

\*\*\*\*\*